# ইসলামের নামে জঙ্গিবাদ

বিভাগ/অধ্যায়ঃ ৩. বিভ্রান্তির তাত্ত্বিক পর্যালোচনা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ১১. ২. ৩. বিভক্তির পরিণতি

পতন ও অবক্ষয়ের যুগগুলিতে বিভক্তি ও দলাদলির এ অবস্থা থেকেছে। ক্রুসেড ও তাতার যুদ্ধের সময় শিয়া-সুন্নী, হানাফীশাফিয়ী, শাফিয়ী-হাম্বলী এরূপ হানাহানি চলেছে। বিবাদমান বিভিন্ন দল ক্রুসেডার বা তাতারদের বুঝাতে চেষ্টা করেছেন যে, আমরা আপনাদের পক্ষের শক্তি, আমাদের প্রতিপক্ষরাই আপনাদের শত্রু, কাজেই তাদের ঘায়েল করুন। কিন্তু ক্রুসেডার বা তাতারগণ যখন হত্যাকান্ড চালিয়েছেন তখন পক্ষ-বিপক্ষ বিচার করেননি, সকল পক্ষের সকল মুসলিম নারী-পুরুষকে নির্বিচারে হত্যা করেছেন।

বর্তমানে বোসনিয়া, ইরাক, আফগানিস্তান, সোমালিয়া ও অন্যান্য দেশে আমরা একই অবস্থা দেখতে পাই। আলিমগণ একে অপরকে খারাপ বলেছেন। আর দখলদার বাহিনী তাদের বোমাবর্ষণ ও গণহত্যাযজ্ঞে সকলকে নির্বিচারে হত্যা করেছেন, কে কোন্ মতের তা যাচাই করছেন না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6947

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন